

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য উত্তম হলো এমন কাপড় পরিধান করে সালাত আদায় করা, যা তাকে সালাতের মনোযোগ থেকে বিরত রাখে না

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمُصلِّي أَنْ تَكُونَ صلَلاتُهُ فِي الثِّيَابِ الَّتِي لَا تَشْغَلُهُ عَنْ صلَلاتِهِ

আরবী

2331 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي عُروة عَنْ عَائِشَةَ قَالَتْ: قَامَ رَسُولُ اللَّهِ أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عُروة عَنْ عَائِشَةَ قَالَتْ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي وَعَلَيْهِ خَمِيَصنَةٌ ذَاتُ أَعْلَامٍ _ كَأَنِي أَنْظُرُ إِلَى عَلَمِها _ فَلَمَّا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي وَعَلَيْهِ خَمِيصنَةٌ ذِاتُ أَعْلَامٍ _ كَأَنِي أَنْظُرُ إِلَى عَلَمِها _ فَلَمَّا قَضَى صلاتَهُ قَالَ: (اذْهَبُوا بِهَذِهِ الْخَمِيصنَةِ إِلَى أَبِي جَهْمِ بْنِ حُذَيْفَةَ وَائْتُونِي بأنبِجَانِيَّتِه فَإِنَّهَا أَلْهَتْنَى فَى صلاتَى)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2331 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) ق.

বাংলা

২৩৩১. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার চিত্রকর্মযুক্ত একটি চাদর পরিধান করে সালাত আদায় করেন আর আমি এখনও যেন তার চিত্রকর্ম দেখতে পাচ্ছি। অতঃপর যখন তিনি সালাত শেষ করেন, তখন বলেন, "তোমরা এটাকে আবূ জাহম বিন হুযাইফার কাছে নিয়ে যাও। আর আমার কাছে তার আম্বাজানিয়ার চাদরটি নিয়ে আসো। কেননা এটা আমাকে আমার সালাতে অমনোযোগিতার সৃষ্টি করেছে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৫৬; মুসনাদ আহমাদ: ৬/৩৭; মুসানাফ আব্দুর রাযযাক: ১৩৮৯; হুমাইদী: ১৭২; সহীহ আল



বুখারী: ৩৭৩; আবূ দাউদ: ৯১৪; নাসাঈ: ২/৭২; ইবনু মাজাহ: ৩৫৫০; সুনান বাইহাকী: ২/৪৩৩; বাগাবী: ৫২৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন